

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
চাটমোহর, পাবনা।

বিষয়ঃ ৩য় ত্রৈমাসিক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : সুজিত কুমার মুন্সী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটমোহর, পাবনা
তারিখ : ১৩/০৩/২০২৩ খ্রিঃ
সময় : সকাল ১০:৩০ ঘটিকা।
স্থান : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা এর অফিস কক্ষ, চাটমোহর, পাবনা

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব প্রসেনজিত চন্দ্র রায়, সম্প্রসারণ কর্মকর্তা, চাটমোহর, পাবনা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে আলোচনায় উপস্থিত সকলে অংশগ্রহন করেন। পরিশেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “খ” তে দেখানো হলো।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ বিধি-৫- উপহারঃ (১) কোন সরকারি কর্মচারী সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে, নিকট আত্মীয় বা ব্যক্তিগত বন্ধু ব্যতীত অন্য কোন ব্যক্তির নিকট হইতে এমন কোন উপহার গ্রহণ করিতে বা তঁহার পরিবারের কোন সদস্যকে বা তঁহার পক্ষে অন্য কোন ব্যক্তিকে উপহার গ্রহণের অনুমতি প্রদান করিতে পারিবেন না, যাহার গ্রহণ সরকারী কর্তব্য পালনে উপহার দাতার নিকট তঁহাকে যে কোনরূপ বাধ্যবাধকতায় আবদ্ধ করে।	১) উক্ত বিধিতে আলোচ্য বিষয় মেনে চলতে সচেষ্ট থাকবেন।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
০২	সরকারি সেবা প্রদান নিশ্চিতকরণ কোনো ব্যক্তি, সরকারি কোনো কার্য বা সেবা প্রাপ্তির জন্য আবেদন বা অনুরোধ করিলে, আপাতত বলবৎ সংশ্লিষ্ট আইনের বিধান ও সরকারি আদেশ সাপেক্ষে, নির্ধারিত সময়ের মধ্যে অথবা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে, প্রার্থীত সেবা সরবরাহ বা অনুরূপ আবেদন নিষ্পত্তি করিতে হবে।	দপ্তরের সকল সদস্য প্রত্যেক কার্য সম্পাদনে ও সেবা প্রদানে তৎপর থাকবেন	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
০৩	সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ বিধি-৩: বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিতিঃ (১) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো সরকারি কর্মচারী নিজ কর্মে অনুপস্থিত থাকিতে পারিবেন না। (২) উপবিধি (১) এর বিধান লঙ্ঘন করিলে উপযুক্ত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কর্মচারীকে কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সযোগ প্রদান করিয়া অনুপস্থিত কর্মচারীর প্রতিদিনের অনুপস্থিতির জন্য ১ (এক) দিনের মূল বেতন কর্তন করিতে পারিবে।	অত্র কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণ সঠিক সময়ে দপ্তরে উপস্থিতি নিশ্চিত করতে সচেষ্ট হবেন।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৩/০৩/২০২৩

(সুজিত কুমার মুন্সী)


সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
চাটমোহর, পাবনা।

স্মারক নং: ৩৩.০২.৭৬২২.৫০১.৪৯.০০২.২২.৩৭/১(৩)

তারিখ: ১৩/০৩/২০২৩ খ্রিঃ

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২. জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।
৩. সংশ্লিষ্ট নথি।






১৩/০৩/২০২৩

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
চাটমোহর, পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
চাটমোহর, পাবনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”

ক্র. নং	কর্মকর্তা/ কর্মচারীর নাম	পদবী	কর্মস্থল	স্বাক্ষর/মন্তব্য
১	প্রসেনজিত চন্দ্র রায়	সম্প্রসারণ কর্মকর্তা	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চাটমোহর, পাবনা	
২	মোঃ আব্দুল ওহাব	অফিস সহকারী কাম কম্পিউটার মূদ্রাক্ষরিক	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চাটমোহর, পাবনা	
৩	মোঃ জয়নুল আবেদিন	ক্ষেত্র সহকারী	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, চাটমোহর, পাবনা	
৪				

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “খ”

ক্র. নং	কর্মকর্তা/ কর্মচারীর নাম	পদবী	কর্মস্থল	স্বাক্ষর/মন্তব্য